চুয়াডাঙ্গার গড়াইটুপিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণের অভিযনে মহিলাসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গার গড়াইটুপিতে বিভিন্ন এলাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ মাদক বিরোধী অভিযান চালিয়ে মহিলাসহ ৪জনকে গ্রেফতার করেছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ৯ টার দিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালায় গড়াইটুপি মেলার মাঠ পাড়ায়।

এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের উপ পরিদর্শক আকবার হোসেনের নেতৃত্বে গড়াইটুপি আঃ রশিদের বাড়ি অভিযান চালায়।

এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বসত ঘর থেকে ১ কেজি গাঁজাসহ জোসনা খাতুন (৩৫) আটক করে। এ ঘটনায় দর্শনা থানায় মাদক আইনে নিয়মিত মামলা দায়ের করেন। পরে সকাল ১১ টার দিকে একই পাড়ায় অভিযান চালিয়ে ৬০ গ্রাম ও ৪০ গ্রাম গাঁজাসহ আলা ভৃইয়া (৫০) ও হারুন মন্ডল (৫৫)কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ২ জন গড়াইটুপি মেলা মাঠ পাড়ার আলী হোসেন ও আয়ুব মন্ডলের ছেলে। পরে তার বিজ্ঞ এক্সকিিউটিভ ম্যাজিস্ট্রেট সহাকরী ভৃমি মোঃসাজ্জাদ হোসেন ৩ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১শ টাকা জরিমানা করে জেল হাজতে প্রেরন করেন। অপরদিকে শনিবার বেলা ৩ টার দিকে তিতুদহ ইউনিয়নের গবরগাড়া গ্রামে অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ শহিদুল ইসলামকে (৪৫) আটক করে। আটককৃত শহিদুল গবরগাড়া গ্রামের আবু সিদ্দিকের ছেলে। এ ঘটনায় দর্শনা থানায় মাদক আইনে মামলা হয়েছে।

দর্শনায় মাদকদ্রব্য

নিয়ন্ত্রণের পৃথক অভিযান মাদক ব্যাবসায়ী বুলেটসহ আটক-৩

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ইয়াবা ও ফেনসডিলসহ -৩ মাদক ব্যাবসায়ীকে আটক করেছে।

আটককৃত আসামীদেরকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেছে। জানাগেছে, বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে, চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উপজেলার দর্শনা থানাধীন পৌরসভার মোহাম্মপুর ও শান্তিপাড়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় দর্শনা শান্তি পাড়ার আকরাম খাঁ’র ছেলে আজিজুল হাকিম শিমুল(২৯) ও হাবিবুর হাকিম বিপ্লবকে (৩২) আটক করে।
এসময় বিপ্লবের নিজ বসতঘর থেকে ২৫ পিচ ইয়াবা ও শিমুলের নিজ বসতঘর হতে উদ্ধার করা হয় ২৩ পিস ইয়াবা ট্যাবলেট। গ্রেফতারকৃত আসামীকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫’শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এদিকে অভিযান একই দিনে ১২ টার দিকে দর্শনা মোহাম্মদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে শফি মিয়ার ছেলে জাহিদুল ইসলাম বুলেটকে
(৩০) আটক করা হয়। আটককৃতর নিজ বসতঘর হতে উদ্ধার করা হয় ১ বোতল ভারতীয় ফেনসিডিল।

গ্রেফতারকৃত জাহিদুল ইসলাম বুলেটকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫’শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।গতকালই তাদের তিনজনকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।